

**মন্ত্রিপরিষদ বিভাগের ডিসেম্বর ২০১৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন**

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: ডিসেম্বর ২০১৫

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ২১ জানুয়ারি ২০১৬

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৫	১৮৯	৫৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯৪১	৩২৩
মোট	১,৫০৯	১,১৩১	৩৭৮

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১০	১১	১৯	১৬	৫৬
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৫	৪১	১১৩	০৩	১৯২*

\* সুপারনিউমেরারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	০১	-	০১	-	-	-	০১ জন সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটরকে ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতি দেওয়া হয়েছে।
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ১৬ ডিসেম্বর ২০১৫ তারিখে ঢাকা জেলার সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। ২। ২৮ ডিসেম্বর ২০১৫ তারিখে সরকারি সফরে গাজীপুর জেলা সফর করেন।		
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ- বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
National Integrity Strategy Support Project	৫২৩.০০	৩৬৪.০১ (৮২.৭২%)	-	-	-
Improving Public Administration and Services Delivery through E-Solution – Improving GRS (Output-3)	.০৩.০০	-	-	-	প্রকল্পের উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন হওয়ায় অর্থ খরচের প্রয়োজন হয়নি। তাই সমর্পণ করা

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	০১	০০	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য সম্প্রতি সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষা দল কর্তৃক ৪টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে ১টি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট ৩টি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	০০	০০	১৭টি	ত্রিপর্যায়ী অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩২টি	৯৮৩.৫১৪	০৫	০০	৩২টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা:  
নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৩	-	-	০১	-	১২	০৬

\* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১	“Human Resource Management” স্থান: জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত, ঢাকা।	০৬-১০ ডিসেম্বর ২০১৫	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	একজন (উপসচিব)
	২	“Workshop for National Civil Registration and Vital Statistics (CRVS) Focal Points” স্থান: ব্যাংকক, থাইল্যান্ড।	০৯-১০ ডিসেম্বর ২০১৫	মন্ত্রিপরিষদ বিভাগ	একজন (সিনিয়র সহকারী সচিব)
	৩	Sanction of Deputation for Participation in the Conference of Parties (COP-21) স্থান: প্যারিস, ফ্রান্স।	০৭-১১ ডিসেম্বর ২০১৫	মন্ত্রিপরিষদ বিভাগ	একজন (মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব)
দুর্নীতি দমন কমিশন	১	-	-	-	-

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: এক জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ২৪টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১৪টি বাস্তবায়িত হয় এবং ১০টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) জাতীয় সংসদের ২০১৬ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণের খসড়া প্রস্তুত ও মন্ত্রিসভায় উপস্থাপন করা হয়।

(৪) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত নভেম্বরের দ্বিতীয় পক্ষ ও ডিসেম্বরের প্রথম পক্ষের পার্শ্বিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত প্রস্তাবসহ দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার ক্রিপিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ ক্রিপিংগুলি ২৩টি পত্র/ইউ.ও. নোটের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৬) ২০ ডিসেম্বর ২০১৫ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ২৫টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৭) ১৪ ও ২৮ ডিসেম্বর ২০১৫ তারিখে ঝিনাইদহ ও গাইবান্ধা জেলা রাজস্ব সম্মেলনের সঙ্গে ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

(৮) ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখে 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি' এবং ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৯) ১৩ ডিসেম্বর ২০১৫ তারিখের এস.আর.ও নম্বর ৩৬৭-আইন/২০১৪ দ্বারা Ministry of Cultural Affairs এবং Ministry of Liberation War Affairs-এর কার্যতালিকা সংশোধন করা হয়।

(১০) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ছয়টি পত্র জারি করা হয়।

(১১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ আবুবকর সিদ্দিক ৩০ নভেম্বর ২০১৫ তারিখে ইন্তেকাল করেন (ইনালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর। প্রজাতন্ত্রের কর্মে জনাব মোঃ আবুবকর সিদ্দিকের পেশাদারিত্বমূলক অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ করত তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৩০ নভেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(১২) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব শফিক আলম মেহেদী ১৯ জুন ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩০ নভেম্বর ২০১৫ তারিখে অবসর গ্রহণ করেন। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব শফিক আলম মেহেদীকে ধন্যবাদ জানিয়ে, তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে এবং সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ৩০ নভেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(১৩) শিক্ষাসচিব জনাব মো. নজরুল ইসলাম খান ১৯ জুন ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩০ নভেম্বর ২০১৫ তারিখে অবসর গ্রহণ করেন। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব মো. নজরুল ইসলাম খানকে ধন্যবাদ জানিয়ে, তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে এবং সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার একই বৈঠকে অপর একটি প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(১৪) ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর আওতাধীন মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্রমাপ এবং মোবাইল কোর্ট পরিচালনার সংশোধিত প্রমাপ নির্ধারণের বিষয়ে মতামত প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) কিশোরগঞ্জ জেলার কিশোরগঞ্জ মডেল থানা পরিদর্শন প্রতিবেদনের মতামতের ওপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) বাল্যবিবাহের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান প্রসঙ্গে এবং বাল্যবিবাহরোধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার ক্ষেত্রে মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশন-এর DLR. ৫৫ (১৯৯৯) ২৫. দ্বারা স্বীকৃত Public Servant (জনসেবক) হিসাবে নিকাহ রেজিস্ট্রারদেরকে যাবতীয় আইনি সুরক্ষা প্রদানে সংশ্লিষ্টদের প্রতি প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে মতামত প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, খুলনা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) গোপালগঞ্জ জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার দৈনিক প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) দিনাজপুর জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) কারাগারে আটক শিশু-কিশোরদের মুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট রংপুর/গাইবান্ধা/নাটোর/পঞ্চগড়/ বান্দরবান বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) নভেম্বর ২০১৫ মাসে কুমিল্লা জেলায় সর্বোচ্চ সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনা এবং ঢাকা জেলায় সর্বোচ্চ পরিমাণ জরিমানা আদায়, সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তি ও সর্বোচ্চ সংখ্যক আসামি গ্রেফতার করার জন্য অভিনন্দন জ্ঞাপন করে জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা/কুমিল্লা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) কদমতলী থানাধীন শ্যামপুর বড়ইতলায় ম্যানহোলে পড়ে শিশু মৃত্যুর প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) মোবাইল কোর্ট ও ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর আওতাধীন মামলা সংক্রান্ত তথ্যসমূহ অন-লাইনে ই-কোর্ট সফটওয়্যারের মাধ্যমে আপলোডকরণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ০৮ জন, এফ.আর.টি ৬২ জন, নথিভুক্তির জন্য ১৩৪ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৪) বিভিন্ন আইনে ৫৪৩ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৫) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ ডিসেম্বর ২০১৫ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(২৬) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন ‘উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট’-এর আওতায় উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-এর সমন্বয়ে ‘উপজেলা পরিষদ আইন ও প্রশাসন’ শীর্ষক মৌলিক প্রশিক্ষণ (রিফ্রেশার্স) প্রশিক্ষণে ৪৮৯ জন উপজেলা নির্বাহী অফিসারকে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হয়।

(২৭) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৮) ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখ বুধবার ২৩৪টি পৌরসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ জানানো হয়।

(২৯) জনাব মোঃ আব্দুল বারিক, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০৫ নভেম্বর ২০১৫ তারিখ নড়াইল জেলা পরিদর্শন করেন; জনাব মোঃ আনোয়ার হোসেন, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১০ ডিসেম্বর ২০১৫ তারিখে বান্দরবান পার্বত্য জেলা পরিদর্শন করেন এবং জনাব মোহাম্মদ কামরুল হাসান, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৯ নভেম্বর ২০১৫ তারিখে রাজশাহী জেলার মোহনপুর উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৩০) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২১ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া যায়। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে চার জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য এবং একজন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর শরীয়তপুর, মুন্সীগঞ্জ, গাজীপুর, যশোর ও চট্টগ্রাম সফর উপলক্ষে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) উপজেলা পর্যায়ে নির্মিত আদালত ভবনের মেরামত ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব উপজেলা পরিষদের নিকট হস্তান্তরের বিষয়ে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) সিরাজগঞ্জ জেলার তাঁত সমৃদ্ধ এলাকার ভূগর্ভস্থ পানির দূষণ এবং তা প্রতিকারের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সচিব, শিল্প/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ/কৃষি/বস্ত্র ও পাট/পরিবেশ ও বন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) জাতীয় জীবনের সর্বত্র একটি রাজস্ব-বান্ধব সংস্কৃতি সৃষ্ণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসরত বাসিন্দাদের স্থায়ী নাগরিকত্বের সনদপত্র প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) অবৈধভাবে গ্যাস সংযোগ প্রদানের লক্ষ্যে বিধি-বহির্ভূতভাবে গ্যাস লাইন স্থাপনের বিষয়ে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৭) রাজবাড়ী জেলাকে বাল্যবিবাহমুক্তকরণের বিষয়ে বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৮) ইউনিয়ন ও পৌরসভায় স্থায়ী ও ভ্রাম্যমাণ লাইব্রেরি স্থাপনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) National Social Security Strategy (NSSS)-এর বাস্তবায়নের নিমিত্ত সরকারি ও বেসরকারি পর্যায়ে গৃহীত অভিযোগ প্রতিকার ব্যবস্থাসমূহের একত্রিকরণ সংক্রান্ত কারিগরি কমিটি গঠন করা হয়।

(৪০) লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ডেভেলপমেন্ট সম্পন্ন হয়েছে। বর্তমানে ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ২,৬০০টি বইয়ের ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন হয়।

(৪১) ‘Security Policy Support (SSPS) Programme’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের টিপিপি’র সংস্থান অনুযায়ী প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের পদ সৃষ্টি করা হয়।

(৪২) ২০১৫-১৬ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি-তে Social Security Policy Support (SSPS) Programme প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনকে অনুরোধ করা হয়।

(৪৩) জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য প্রেরণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

**গ. আগামী দুই (জানুয়ারি-ফেব্রুয়ারি) মাসে সম্পাদিতব্য অতীত গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৬) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৭) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৮) ‘Social Security Policy Support (SSPS) Programme’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের বাস্তবায়ন।

(৯) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্ক ফোর্স কমিটির সভা অনুষ্ঠান।

(১০) Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১১) স্বাধীনতা পুরস্কার, ২০১৬-এর কার্যাবলি সম্পাদন।

(১২) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১৩) দশম জাতীয় সংসদের ২০১৬ সালে প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম।

(মো: আবদুল্লাহ হারুন)

উপসচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report\_sec@cabinet.gov.bd